

West Bengal State University
B.A./B.Sc./B.Com (Honours, Major, General) Examinations, 2014

PART - II**বাংলা — সাধারণ****তৃতীয় পত্র**

Duration : 3 Hours]

[Full Marks : 100

উত্তর যথাসন্তুর নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। ক) “ভারতবর্ষে মানবের ইতিহাস একটি বিশেষ সার্থকতার মূর্তি পরিগ্রহ করিবে, পরিপূর্ণতাকে একটি অপূর্ব আকার দান করিয়া তাহাকে মানবের সামগ্ৰী করিয়া তুলিবে।” — ‘পূর্ব ও পশ্চিম’ প্রবন্ধে রবীন্দ্রনাথের এই প্রত্যাশা কোন প্রেক্ষিতে সত্য তার পরিচয় দাও। ১৫

অর্থবা

- খ) “কবির কেকারব সেই বর্ষার গান — কান তাহার মাধুর্য জানে না, মনই জানে।” — ‘কেকাধৰনি’ প্রবন্ধ অবলম্বনে লেখকের বক্তব্যটি বুঝিয়ে দাও। ১৫
- ২। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : $1 \times 5 = 5$
- ক) “কিন্তু একথা তাহারা বলিতে পারেন নাই যে ভারতবর্ষ আমাদেরই ভারতবর্ষ।” — কোন প্রসঙ্গে লেখকের এই উক্তি ? ‘তাহারা’ বলতে লেখক কাদের কথা বলেছেন? ‘ভারতবর্ষ আমাদেরই ভারতবর্ষ’ — একথা তারা কেন বলতে পারেন নি ? ১ + ১ + ৩
- খ) “এই শ্লোকের মধ্যে যে একটি ভাবের সৌন্দর্য, তাহাও আমাদের মনের সহিত চঞ্চল করিয়া অশ্রুতিগম্য একটি সঙ্গীত রচনা করে। সে সঙ্গীত সমস্ত শব্দসঙ্গীতকে ছাড়াইয়া চলিয়া যায়” — কোন শ্লোকের কথা বলা হয়েছে ? ‘অশ্রুতিগম্য সঙ্গীত’ বলতে কী বোঝানো হয়েছে ? “সমস্ত শব্দসঙ্গীতকে ছাড়াইয়া চলিয়া যায়” — এর অর্থ কী ? ১ + ২ + ২
- গ) “ইংৰিজিয়ালিজম হচ্ছে অজগর সাপের ঐকনিকি; গিলে খাওয়াকেই সে এক করা বলে প্রচার করে।” — ‘ইংৰিজিয়ালিজম’ এবং ‘অজগর সাপের’ সাদৃশ্য কোথায় এবং কীভাবে ? ৫

- ৩। ক) “মতিবিবির উপর বক্ষিমচন্দ্র কিঞ্চিত অবিচার করিয়াছেন; তবু মতিবিবি ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে সর্বাপেক্ষা জীবন্ত চরিত্রাঙ্গে উজ্জ্বল হইয়া উঠিয়াছে।” — উক্তিটির যাথার্থ্য বিচার করো। ১৫

অথবা

- খ) আগাম রাজপ্রাসাদ, সপ্তগ্রাম, অরণ্যপ্রকৃতি, তান্ত্রিকাচার এবং নর-নারীর চাওয়া-পাওয়ার কাহিনী মিলে বলা হয়, ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে ‘রোমান্সের অপরূপ মায়ার পাশ্চে ইতিহাস নিতান্তই ক্ষীণ ও বিশেষভবর্জিত’। — উক্তিটির সমর্থনে তোমার মতামত দাও। ১৫
- ৪। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : $1 \times 5 = 5$
- ক) “আপনি সতাই বলিয়াছিলেন ! এ ফুল রাজ্যোদ্যানেও ফুটে না।” — কে, কাকে একথা বলেছে ? কার সম্পর্কে ? এই মন্তব্যের কারণ কী ? $1 + 1 + 1 + 2$
- খ) “পরশপাথরের স্পর্শে রাঙ্গও সোনা হয়।” — কথাটি কে, কাকে বলেছে ? ‘পরশপাথর’ ও ‘রাঙ্গ’ বলতে এখানে কী বোঝানো হয়েছে ? $1 + 1 + 3$
- গ) “তুমি তো কখনও রূপ দেখিয়া উন্মত্ত হও নাই।” — কে, কাকে একথা বলেছে ? প্রসঙ্গ বিবৃত করো। $2 + 3$
- ৫। ক) “রমা ও রমেশের প্রেম-ই এই উপন্যাসের সর্বাপেক্ষা জটিল ও দুরধিগম্য বিষয়” — শরৎচন্দ্রের ‘পল্লীসমাজ’ উপন্যাস অবলম্বনে এই উক্তিটির যাথার্থ বিচার করো। ১৫

অথবা

- খ) ‘পল্লীসমাজ’ উপন্যাসের বেণী ঘোষাল, গোবিন্দ গান্দুলী, ধর্মদাস চরিত্র তিনটির বিচার করে দেখাও। $5 + 5 + 5$
- ৬। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : $1 \times 5 = 5$
- ক) “আজকের দিনটা আমার নিন্দা-সুখ্যাতির বাইরে।” — কে, কাকে কথাটি বলেছে ? কোন দিনের কথা বলা হয়েছে ? দিনটা নিন্দা-সুখ্যাতির বাইরে কেন ? $2 + 1 + 2$
- খ) “তুমি ছকুম করলে আসামী হয়ে জেল খাটতি পারি, ফেরিদি হব কোন কালা মুয়ে ?” — কে, কাকে, কোন প্রসঙ্গে একথা বলেছে ? $1 + 1 + 3$
- গ) “মেয়েমানুষ হয়ে মেয়েমানুষের নামে এ অপবাদ দিস নে রে, ধর্মে সইবে না।” — কথাটি কে, কাকে, কোন প্রসঙ্গে বলেছে আলোচনা করো। $1 + 1 + 3$

- ৭। ক) “এর নাটভূমিতে রয়েছে লিরিকের প্লাবন, তাতে নাটককে করেছে দুর্বল। এ হয়েছে কাব্যের জলাজমি” — রবীন্দ্রনাথের এরপ মন্তব্য কতদুর ঘৃত্যুক্ত আলোচনা করো। ১৫

অথবা

- খ) “আমার প্রজারে যারা করিছে পীড়ন
রাজা হতে দূর করে দাও তাহাদের”
— কে, কাকে এই অনুরোধ করেছেন? উক্তিটির আলোকে বক্তব্য চরিত্র আলোচনা করো। ১৫
- ৮। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : $1 \times 5 = 5$
- ক) “অন্তরে প্রেয়সী তব, বাহিরে মহিষী” — কার উক্তি? এই উক্তির আলোকে বক্তব্য মানসিকতা সংক্ষেপে বিশ্লেষণ করো। $1 + 8$
- খ) “পলাতক অরাতিরে আক্রমণ করা নহে ক্ষাত্রধর্ম” — প্রসঙ্গ উল্লেখ করে উন্নতিটির তৎপর্য বিশ্লেষণ করো। ৫
- গ) “রাজার অদৃষ্টে বিধি লেখে নি প্রণয়” — কে, কাকে বলেছেন? উক্তিটির তৎপর্য বিশ্লেষণ করো। $1 + 1 + 3$
- ৯। ক) ‘না’ গল্পটি অবলম্বনে ব্রজরাণী চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

অথবা

- খ) ‘চড়াই-উৎরাই’ গল্পের নামকরণ কতদুর সার্থক হয়েছে আলোচনা করো। ১৫
- ১০। যে কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : $1 \times 5 = 5$
- ক) “এমন তামাসা কেউ কখনো করেনি পুলিশের সঙ্গে, এমন জন্ম করেনি পুলিশকে।”
— কে, পুলিশের সঙ্গে তামাসা করেছিল? পুলিশকে সে কীভাবে জন্ম করেছিল? $1 + 8$
- খ) “ব্রজরাণীর মনে বাটালির আঘাতে কাটিয়া গড়া পাথরের মতো সে ছবি অঙ্গিত হইয়া আছে।”
— প্রসঙ্গ নির্দেশ করে ‘ছবি’টির সংক্ষিপ্ত বর্ণনা দাও। $2 + 3$
- গ) “ক্ষেত্রিকে কি অপরে ঠিক বুঝিবে?” — প্রসঙ্গ নির্দেশ করে উন্নতাংশের তৎপর্য বিশ্লেষণ করো। ৫